# ‘দলের পরিচয়ে নয়, চাকরি পেতে চাই শিক্ষাগত যোগ্যতা!’

## বিজেপির নেতা-কর্মীদের কড়া বার্তা জিতেন্দ্রর

**নিজস্ব প্রতিবেদন, পাণ্ডবেশ্বর:** দলের পতাকা হাতে থাকলেই মিলবে না বাড়তি সুবিধা। রাজনৈতিক পরিচয়কে হাতিয়ার করে রোজগারের দিন শেষ। কাজ পেতে হলে প্রমাণ করতে হবে নিজের যোগ্যতা, জমা দিতে হবে বায়োডাটা। শিক্ষাগত যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতার নিরিখেই নির্ধারিত হবে কাজের সুযোগ। পাণ্ডবেশ্বরের নবগ্রামে বিজয়া সম্মিলনীর মঞ্চ থেকে দলীয় নেতা-কর্মীদের উদ্দেশ্যে এমনই স্পষ্ট ও তাৎপর্যপূর্ণ বার্তা দিলেন বিজেপি বিধায়ক জিতেন্দ্র তিওয়ারি। এলাকার বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান নিয়ে নিজের পূর্ব প্রতিশ্রুতির প্রসঙ্গ তুলে বিধায়ক জানান, প্রায় ছ'মাস আগে তিনি এলাকার যুবক-যুবতীদের কাজের সুযোগ করে দেওয়ার আশ্বাস দিয়েছিলেন। সেই প্রতিশ্রুতি




বাস্তবায়নের প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে বলেও দাবি করেন তিনি। তাঁর কথায়, বেকার যুবক-যুবতীদের কাছ থেকে বায়োডাটা সংগ্রহ করে তাঁদের যোগ্যতা ও দক্ষতা অনুযায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে এই ঘোষণার সবচেয়ে তাৎপর্যপূর্ণ দিক হল, কর্মসংস্থানের প্রাথমিক তালিকায় বিজেপির নেতা-কর্মীদেরও রাখার কথা জানিয়েছেন বিধায়ক। কিন্তু সেখানেও কোনও রাজনৈতিক পরিচয় বা দলীয় পদকে অগ্রাধিকার দেওয়া হবে না। বরং দলের কর্মী হলেও চাকরি বা কাজের সুযোগ পেতে হলে প্রমাণ করতে হবে নিজের যোগ্যতা। জিতেন্দ্র তিওয়ারির এই বক্তব্য রাজনৈতিক মহলেও বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। কারণ, সাধারণত রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত থাকার সুবাদে বাড়তি সুযোগ-সুবিধা পাওয়ার প্রত্যাশা অনেকের মধ্যেই থাকে। সেই প্রেক্ষাপটে দলের কর্মীদেরই যোগ্যতার মাপকাঠিতে বিচার করার বার্তা দিয়ে কার্যত সংগঠনের অন্দরেও কঠোর অবস্থানের ইঙ্গিত দিলেন পাণ্ডবেশ্বরের বিধায়ক। এখন দেখার, মঞ্চ থেকে দেওয়া এই কর্মসংস্থানের আশ্বাস কত দ্রুত বাস্তবে রূপ পায় এবং এলাকার বেকার যুবক-যুবতীদের কতজনের কাছে পৌঁছয় কাজের সুযোগ।

## কৃষকদের কল্যাণে বিশেষ উদ্যোগ

# পুরশুড়ায় মুখ্যমন্ত্রীর সভার প্রস্তুতি খতিয়ে দেখলেন কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** কৃষকদের কল্যাণে বড় ঘোষণা, ৫ নভেম্বর পুরশুড়ায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সভাস্থল পরিদর্শন করেন কৃষিমন্ত্রী দুধকুমার মণ্ডল। কৃষকদের আর্থিক সহায়তা ও কল্যাণমূলক প্রকল্পকে সামনে রেখে আগামী ৫ নভেম্বর পুরশুড়া বিধানসভার বিদ্যাসাগর ময়দানে আসছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মুখ্যমন্ত্রীর এই সরকারি কর্মসূচিকে ঘিরে ইতিমধ্যেই শুরু হয়েছে প্রস্তুতি। সভাস্থলের পরিকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা এবং



অন্যান্য আয়োজন খতিয়ে দেখতে সরেজমিনে পরিদর্শন করলেন পশ্চিমবঙ্গ সরকারের কৃষিমন্ত্রী দুধকুমার মণ্ডল। এদিন কৃষিমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন গোঘাটের বিধায়ক তথা আরামবাগ সাংগঠনিক জেলা বিজেপির সভাপতি প্রশান্ত দিগার, পুরশুড়ার বিধায়ক বিমান ঘোষ এবং আরামবাগের বিধায়ক হেমন্ত বাগ। তাঁরা সভাস্থল ঘুরে দেখেন এবং মুখ্যমন্ত্রীর আগমন উপলক্ষে বিভিন্ন প্রস্তুতি নিয়ে আলোচনা করেন। কৃষকদের নিয়ে রাজ্য সরকারের গুরুত্বপূর্ণ কর্মসূচি হওয়ায় এই সভাকে ঘিরে রাজনৈতিক ও প্রশাসনিক মহলে বিশেষ গুরুত্ব তৈরি হয়েছে। সভাস্থল পরিদর্শনের পর কৃষিমন্ত্রী দুধকুমার মণ্ডল জানান, ‘কৃষকদের কল্যাণের কথা মাথায় রেখেই আগামী ৫ নভেম্বর মুখ্যমন্ত্রী পুরশুড়ায় আসছেন। ওই দিন মুখ্যমন্ত্রী কৃষকদের আর্থিক সহায়তা সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ ঘোষণা করবেন। রাজ্যের কৃষকদের জন্য মুখ্যমন্ত্রী কিষাণ কল্যাণ সম্মাননিধি প্রকল্পের মাধ্যমে আর্থিক সাহায্য দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।’ কৃষি মন্ত্রী আরও বলেন, ‘কৃষকদের কল্যাণের জন্য আগামী ৫ নভেম্বর রাজ্যের মুখ্যমন্ত্রী পুরশুড়ায় আসছেন। সেদিন মুখ্যমন্ত্রী কিষাণ কল্যাণ সম্মান নিধি প্রকল্পে রাজ্যের কৃষকদের প্রায় ৯ কোটি ২০ লক্ষ টাকা দেওয়ার বিষয়ে ঘোষণা করবেন। এই প্রকল্পে প্রত্যেক কৃষককে ২ হাজার টাকা করে দেওয়া হবে। প্রায় ৪৩ লক্ষ কৃষক এই প্রকল্পের আওতায় উপকৃত হবেন। পুরশুড়ার এই মঞ্চ থেকেই মুখ্যমন্ত্রী সেই ঘোষণা করবেন।’ তিনি আরও জানান, ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের পিএম কিষাণ নিধি প্রকল্পের মাধ্যমে পশ্চিমবঙ্গের কৃষকদের আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। রাজ্য সরকারের প্রকল্পের সঙ্গে কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা মিলিয়ে কৃষকরা দুই দফায় আর্থিক সহায়তা পাবেন বলে দাবি করেন কৃষিমন্ত্রী। সবমিলিয়ে মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে সভাস্থলে প্রস্তুতি জোরদার করা হচ্ছে। কৃষিমন্ত্রী ও বিধায়কদের পরিদর্শনের মধ্য দিয়ে সেই প্রস্তুতির অগ্রগতি খতিয়ে দেখা হয়। কৃষকদের কল্যাণে আর্থিক সহায়তার ঘোষণা এবং সরকারি কর্মসূচির কারণে পুরশুড়ার এই সভা আগামী দিনে বিশেষ তাৎপর্যপূর্ণ হয়ে উঠতে চলেছে।

# ৩ নভেম্বর শিলিগুড়িতে ‘গণতন্ত্র বাঁচাও’ পদযাত্রা

## অংশ নেবেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদন, শিলিগুড়ি:** দিল্লির রামলীলা ময়দানে বিরোধী জোট 'ইন্ডিয়া'র বিশাল সমাবেশের পরের দিনই ভারতীয় জনতা পার্টি (বিজেপি) সারা দেশে একটি পাল্টা প্রচার কর্মসূচি শুরু করেছে। দলের মতে কেন্দ্র ও বিভিন্ন রাজ্যে তাদের সরকার এবং দলের বিরুদ্ধে ক্রমাগত আক্রমণ চালানো হচ্ছে, আর এরই প্রতিক্রিয়ায় তারা এই কর্মসূচি হাতে নিয়েছে। যার স্বরূপ এই শুভেন্দু অধিকারীর শিলিগুড়ির এই কর্মসূচি। এই দিন র‍্যালিটি বাঘাযতীন পার্ক থেকে শুরু হয়ে শিলিগুড়ির এয়ারভিউ মোড়ে গিয়ে শেষ হবে। বিজেপি নেতারা দলের অবস্থান তুলে ধরে তার সপক্ষে যুক্তি দিতে শুরু করেছেন এবং একই সঙ্গে বেশ কিছু পাল্টা প্রতিবাদ কর্মসূচি ও জনসচেতনতামূলক কার্যক্রমের ঘোষণা করেছেন। সারা দেশব্যাপী প্রচার অভিযানের অংশ হিসেবে বিজেপি পশ্চিমবঙ্গের ৫টি অঞ্চলে বিভিন্ন কর্মসূচির পরিকল্পনা করেছে। সোমবার কলকাতায় বিজেপির জাতীয় সভাপতি নিতিন নবীনের নেতৃত্বে অনুরূপ একটি কর্মসূচি আয়োজিত হয়েছিল। মঙ্গলবার ৩ রা নভেম্বর শিলিগুড়িতে পরবর্তী বড় কর্মসূচিটি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

এই কর্মসূচিটির নাম দেওয়া হয়েছে ‘গণতন্ত্র বাঁচাও, অরাজকতা দূর করো’। বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলার সভাপতি অরুণ মণ্ডল জানিয়েছেন, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) সংক্রান্ত বিষয়গুলো তুলে ধরতে এবং গণতান্ত্রিক মূল্যবোধ সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে শিলিগুড়িতে একটি র‍্যালি আয়োজন করা হয়েছে। শুভেন্দু অধিকারী বিজেপির একটি র‍্যালিতে অংশ নেবেন যা বাগাযতীন পার্ক থেকে শুরু হয়ে শিলিগুড়ির এয়ারভিউ মোড়ে গিয়ে শেষ হবে। র‍্যালি শেষে এয়ারভিউ মোড়ে আয়োজিত জনসভায় তাঁর বক্তব্য রাখার কথা রয়েছে। পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজা জানান, মঙ্গলবারের সফরের সময় শুভেন্দু অধিকারীর নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টিই হল আলোচনার মূল কেন্দ্রবিন্দু। এছাড়া শুভেন্দু অধিকারী যেসব স্থানে যেতে পারেন পুলিশ কর্মকর্তারা সেসব জায়গা পরিদর্শন করে নিরাপত্তার প্রয়োজনীয়তা খতিয়ে দেখেছেন। সূত্র অনুযায়ী নিরাপত্তা মূল্যায়নের অংশ হিসেবে পুলিশ দল ইতিমধ্যে শিলিগুড়িতে দুজন বিশিষ্ট ব্যক্তির বাসভবনে গিয়েছেন। তাঁদের মধ্যে একজন হলেন প্রবীণ বিজেপি কর্মী মানিক সরকার, যিনি শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গে সহকর্মী হিসেবে কাজ করেছেন। রাজ্য সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানেও মানিক সরকার উপস্থিত ছিলেন, যেখানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও ছিলেন। এছাড়াও ভারতীয় মহিলা ক্রিকেট দলের সদস্য রিচা ঘোষের বাসভবনে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখা হয়। মুখ্যমন্ত্রীর মূল কর্মসূচিটি বিজেপির রাজনৈতিক কার্যক্রম হলেও সময়সূচী অনুযায়ী তিনি আরও কিছু জায়গায় যেতে পারেন। এছাড়া উত্তরবঙ্গে রাজ্য সরকারের প্রশাসনিক সদর দপ্তর ‘উত্তরকন্যা’-তেও তাঁর অল্প সময়ের জন্য যাওয়ার কথা রয়েছে।

# তাজ গ্রুপ অফ হোটেলস এবং অম্বুজা নেওটিয়া গ্রুপের উদ্যোগ

## ৮টি বড় হোটেল গড়ে উঠবে উত্তরবঙ্গে

**সোমা মুখোপাধ্যায়**

অম্বুজা নেওটিয়া গ্রুপ এবং তাজ গ্রুপের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে আগামী পাঁচ থেকে ছয় বছরের মধ্যে পশ্চিমবঙ্গ জুড়ে ১১টি হোটেল গড়ে তোলার লক্ষ্যে প্রায় ২,৭০০ কোটি টাকার একটি বড় বিনিয়োগ কর্মসূচি হাতে নিয়েছে পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন দপ্তর।



সোমবার সকালে শিলিগুড়ির উত্তরায়ণে নবনির্মিত ‘অল্টেয়ার হাউস, আইএইচসিএল সিলেকশনস’-এ আইএইচসিএল (তাজ গ্রুপ অফ হোটেলস)-এর ম্যানেজিং ডিরেক্টর ও সিইও পুনীত ছাতওয়াল এবং অম্বুজা নেওটিয়া গ্রুপের চেয়ারম্যান হর্ষবর্ধন নিওটিয়ার সঙ্গে একটি অত্যন্ত উৎসাহব্যঞ্জক ও ফলপ্রসূ বৈঠক হয়েছে বলে জানান পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ। মন্ত্রী জানিয়েছেন বিশেষ আশাব্যঞ্জক বিষয় হলো এই ১১টি হোটেলের মধ্যে ৮টিই হবে উত্তরবঙ্গে। এটি উত্তরবঙ্গে পর্যটন শিল্পকে দারুণভাবে চাঙ্গা করে তুলবে এবং কর্মসংস্থান, স্থানীয় ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নের জন্য উল্লেখ যোগ্য সুযোগ সৃষ্টি করবে। তিনি আরো বলেন এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ উদ্যোগকে আন্তরিকভাবে স্বাগত জানাই এবং আশা করি যে উত্তরবঙ্গ আরও শক্তিশালী পর্যটন গন্তব্য হিসেবে গড়ে উঠবে, যা ভারতের পর্যটন মানচিত্রে পশ্চিমবঙ্গকে আরও সুদৃঢ় অবস্থানে নিয়ে আসবে।


**CORRIGENDUM**

In the Public Notice dated 18th September published by RITESH GHANEKAR for loss of shares the number of shares has been in advently mentioned as 2320 shares instead of 2350 shares of rs 1 each. The rest of the content remains unchanged. Kindly take note of the same Ritesh Ghanekar Applicant

ইনসলভেন্সি অ্যান্ড ব্যাংকরাপসি কোড, ২০১৬ এর অধীনে বিক্রয় বিজ্ঞপ্তি
এপিটোম পেট্রোকেমিক্যাল প্রাইভেট লিমিটেড (দেউলিয়াগ্রস্ত)
CIN : U24249WB2007PTC117196
রেজিস্টার্ড অফিস : ৭ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা, পব ৭০০০১৩, ভারত
(মাননীয় এনসিএলটি, কলকাতা বেঞ্চ কর্তৃক ২ আগস্ট, ২০২৩ তারিখে প্রদত্ত আদেশ অনুসারে অবসায়ন প্রক্রিয়ার অধীনে থাকা একটি কোম্পানি)
লিকুইডেটরের কার্যালয় : ১৬/২, টেম্পল গার্ডেনস, নিউ আলিপুর, কলকাতা - ৭০০০৫৩, ভারত

এপিটোম পেট্রোকেমিক্যাল প্রা. লি. (''এপিটোম" বা ''কর্পোরেট দেনাদার") বর্তমানে মাননীয় ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চের ২ আগস্ট, ২০২৩ তারিখের আদেশ অনুসারে ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড, ২০১৬ (''আইবিসি")-এর বিধান অনুযায়ী অবসায়ন প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছে এবং শ্রী অনুব্রত গাঙ্গুলিকে এর লিকুইডেটর হিসেবে নিযুক্ত করা হয়েছে।
আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬-এর অধীনে গঠিত 'কমিটি অফ ক্রেডিটরস'-এর ২৬.১০.২০২৬ তারিখের সভার পরামর্শ ও সিদ্ধান্ত অনুযায়ী, IBC এবং সংশ্লিষ্ট বিধিমালার আওতায় এই বিক্রয় বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। এর মাধ্যমে কর্পোরেট দেনাদারের নির্দিষ্ট কিছু সম্পদ; যা ''যেখানে যেমন আছে", ''যেখানে যা আছে", ''যেমন অবস্থায় আছে", ''যা কিছু আছে" এবং ''কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত" বিক্রয় করা হবে; সেগুলো ই-নিলামের মাধ্যমে ক্রয়ে আগ্রহী সম্ভাব্য দরদাতাদের কাছ থেকে EOI, বিড আবেদনের ফর্ম, আনুষঙ্গিক নথিপত্র এবং প্রয়োজনীয় কাগজপত্র আহ্বান করা হচ্ছে। https://baanknet.com/ ওয়েবসাইটের মাধ্যমে BaankNet-এর ই-নিলাম প্ল্যাটফর্মে নির্ধারিত তারিখের আগেই বিড বা দর প্রস্তাব জমা দিতে হবে এবং সেখান থেকে সর্বোচ্চ যোগ্য দরদাতাকে 'ফার্ম বিডার' হিসেবে ঘোষণা করা হবে। নিচে বর্ণিত বিবরণ অনুযায়ী, পরিষেবা প্রদানকারী BaankNet-এর মাধ্যমে https://baanknet.com/ ওয়েবসাইটে এই ই-নিলামটি পরিচালিত হবে :

২১.১১.২০২৬ তারিখে সকাল ১১ টা থেকে বেলা ১ টার মধ্যে ই-নিলাম মাধ্যমে ২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অব ইন্ডিয়া (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস এর রেগুলেশন ৩২(সি) অধীনে জমি এবং ভবন এবং প্ল্যান্ট এবং মেশিনারির সামগ্রিক সম্পদ এর সেট বিক্রি

| সেট নং | যৌথভাবে সম্পদের সেট বিক্রি | সংরক্ষিত মূল্য(লাখ টাকায়) | ইএমডি (লাখ টাকায়) (সংরক্ষিত মূল্যের ১০ শতাংশ) | ডাক বর্ধিতকরণের মূল্য ই-নিলাম সময়ে (লাখ টাকায়) |
|---|---|---|---|---|
| ১. | ৯৯ বছরের ইজারাভুক্ত জমি* (ইজারা শুরুর তারিখ ২৭.১১.২০০৭); ইজারা দলিল অনুযায়ী আয়তন ৩.২৪ একর; অবস্থান প্লট নং ১৬৩, ১৩২, ১৭৯ ও ১৯৪, নামলি, তুমলাবুং, রানিপুল, পূর্ব সিকিম-৭৩৭১৩৫। (পুনঃপরিমাপে দেখা গেছে যে প্লটগুলো বিচ্ছিন্ন এবং আংশিকভাবে বেদখল ও অধিগ্রহণকৃত)<br>* বিজ্ঞপ্তি নং 8/06/GOS/LR এবং DMD/Acq (তারিখ ১৬.০৮.২০১৪)-এর আলোকে বিবেচ্য<br>জমির ওপর বিদ্যমান স্থাপনা ও অন্যান্য ১৪,০০০ বর্গফুটের প্রি-ফ্যাব্রিকেটেড ফ্যাক্টরি শেড, ২,০০০ বর্গফুটের সুসজ্জিত প্রশাসনিক ভবন (অ্যাডমিন ব্লক), ৬,০০০ বর্গফুটের আরসিসি নির্মিত আবাসন, ৫,০০০ বর্গফুটের আরসিসি নির্মিত গুদাম, অভ্যন্তরীণ রাস্তা, সীমানা প্রাচীর ইত্যাদি।<br>যন্ত্রপাতিসমূহ ৩ সেট Husky Hypet 120 (P85/95), ২ সেট 415/332KVA ভলভো জেনারেটর, ABB 1000KVA ট্রান্সফরমার, ইলেকট্রিক ডিস্ট্রিবিউশন প্যানেল এবং 300KVA Emerson UPS। | ৩৬৩.৬ | ৩৬.৩৬ | ১.০০ |

৩ নভেম্বর ২০২৬ তারিখে সংযোজিত সম্পদ ব্লক এর ই-নিলামের সম্পর্কিত শেষ তারিখ

| ঘটনার ধরন | সময়সীমা |
|---|---|
| সম্ভাব্য ডাকদাতা কর্তৃক সাইট/প্ল্যান্ট পর্যবেক্ষণ | ১৭.১১.২০২৬ |
| প্রামাণ্য নথি দ্বারা ২৯এ ধারা অধীনে উপযুক্ততার ঘোষণা এবং বায়না জমা (ইএমডি) দাখিলের শেষ তারিখ | ১৯.১১.২০২৬ |
| ই-নিলামের তারিখ | ২১.১১.২০২৬ |

ই-নিলামের প্রধান নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ :
ক) এই বিক্রয় মাননীয় এনসিএলটি, মাননীয় এনসিএলএটি, মাননীয় হাইকোর্টসমূহ, ভারতের মাননীয় সুপ্রিম কোর্টের আদেশ এবং ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড, ২০১৬-এর বিধানাবলী ও তার অধীনে প্রণীত প্রবিধানমালা এবং আইবিবিআই (আইবিবিআই) কর্তৃক প্রকাশিত নির্দেশিকা সাপেক্ষে পরিচালিত হবে। আগ্রহী পক্ষগণকে ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথি এবং ই-নিলামে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় আপডেটসহ অন্যান্য প্রাসঙ্গিক তথ্য পেতে support.baanknet@ psballiance.com-এ নিয়মিত ইমেল করতে হবে। ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথির সমস্ত শর্তাবলী, যার মধ্যে সমস্ত সংযোজন, সংশোধন এবং প্রদত্ত স্পষ্টীকরণ অন্তর্ভুক্ত, এই বিক্রয় বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত বলে গণ্য হবে। সম্ভাব্য দরদাতারা লিকুইডেটর-এর কাছ থেকে স্পষ্টীকরণ চাইতে পারেন।
খ) এটি স্পষ্ট করা হচ্ছে যে, এটি কোনো প্রস্তাব নথি নয়।
গ) ই-নিলাম ''যেখানে আছে সেই ভিত্তিতে", ''যেমন আছে যেখানে আছে সেই ভিত্তিতে", ''যেমন আছে যা আছে সেই ভিত্তিতে", ''যা কিছু আছে সেই ভিত্তিতে" এবং ''কোনো প্রতিকার নেই সেই ভিত্তিতে" পরিচালিত হবে। এই ধরনের বিক্রয় লিকুইডেটর কর্তৃক কোনো প্রকার ওয়ারেন্টি এবং ক্ষতিপূরণ ছাড়াই হবে।
ঘ) ই-নিলাম প্ল্যাটফর্মের বিবরণ : https://bankeauctions.com
ঙ) আগ্রহী পক্ষদের তাদের আগ্রহপত্র (ইওআই), আবেদনপত্র, হলফনামা, অঙ্গীকারপত্র ইত্যাদি নির্ধারিত ফরম্যাটে নিলাম প্ল্যাটফর্মের (https://baanknet.com/) মাধ্যমে ইলেকট্রনিকভাবে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। এই সংক্রান্ত ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথি, যেখানে ই-নিলাম প্রক্রিয়ার জন্য প্রযোজ্য বিস্তারিত শর্তাবলী, বিড আবেদনপত্র এবং অন্যান্য ফর্ম রয়েছে, তা https://baanknet.com/ ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।
চ) ই-নিলাম নির্ধারিত তারিখে সকাল ১১টা থেকে দুপুর ১টার মধ্যে অনুষ্ঠিত হবে এবং প্রতিবার পাঁচ মিনিটের জন্য অনির্দিষ্টকালের জন্য সময় বাড়ানো যাবে।
ছ) প্রযোজ্য সকল কর ও অন্যান্য শুল্ক সফল দরদাতা বহন করবে।
জ) সম্ভাব্য দরদাতাদের, তাদের সন্তুষ্টি অনুযায়ী যথাযথ যাচাই (Due Diligence) সম্পন্ন হওয়ার পর, ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথি (E-Auction Process Information Document) অনুসারে ইএমডি জমা দিতে হবে। সম্ভাব্য দরদাতাদের আইবিবিআই (লিকুইডেশন) রেগুলেশনস, ২০১৬-এর তফসিল I-এর ধারা ১ (৫এ)-এর অধীনে একটি ঘোষণাও জমা দিতে হবে যে, তারা দ্য ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড, ২০১৬-এর ধারা ২৯এ অনুযায়ী যোগ্য এবং যদি পরবর্তী কোনো তারিখে তাদের অযোগ্য বলে প্রমাণিত হয়, তবে তাদের ইএমডি বাজেয়াপ্ত করা হবে। তদনুসারে, আইবিবিআই (লিকুইডেশন) রেগুলেশনস, ২০১৬-এর তফসিল I-এর ধারা ১ (১২ডি) অনুসারে, দ্য ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড, ২০১৬-এর ধারা ২৯এ অনুযায়ী অযোগ্য প্রমাণিত হলে ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ই-নিলাম প্ল্যাটফর্ম দ্বারা ঘোষিত ফার্ম বিডারকে আইবিবিআই (লিকুইডেশন) রেগুলেশনস, ২০১৬-এর তফসিল I-এর ধারা ১(১২) অনুসারে তার অবশিষ্ট অর্থ পরিশোধ করতে হবে, অন্যথায় তার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। অসফল এবং অন্যথায় যোগ্য বিডারদের ইএমডি আইবিবিআই (লিকুইডেশন) রেগুলেশনস, ২০১৬ অনুসারে ফেরত দেওয়া হবে।
ঝ) দরদাতাদের নিবন্ধিত অ্যাকাউন্টের মাধ্যমে নিলাম পোর্টালের ওয়ালেটে ইএমডি জমা দিতে হবে।

স্বা/-
অনুব্রত গাঙ্গুলি,
লিকুইডেটর
এপিটোম পেট্রোকেমিক্যাল প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনে)
IBBI : IPA-001/IP-P-02662/22-23/14072
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২৬
AFA : IBBI/IPA-001/IP-P-02662/2022-2023/14072 ৩০.০৬.২০২৭ পর্যন্ত বৈধ
cirp.eppl@gmail.com | +৯১ ৯৮৩৬৬৮৮৮২৮

**দ্য পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোম্পানি লিমিটেড**
রেজিস্টার্ড অফিস: ৭, মুন্সী প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা- ৭০০০২২
ফোন: (০৩৩) ২২২৩৩০৯৪, Email: periatea@lnbgroup.com, Website: www.periatea.com
CIN: L01132WB1913PLC220832

**৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের বিবরণীর সারাংশ**

(টাকা লক্ষের অঙ্কে)

| ক্র. নং | সকল | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্ত অর্ধ বর্ষ | | সমাপ্ত বর্ষ |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০.০৯.২০২৬ অনিরীক্ষিত | ৩০.০৬.২০২৬ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২৫ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২৬ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২৫ অনিরীক্ষিত | ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত |
| ১ | অপারেশনস থেকে মোট আয় | ৯৮৮.৬৩ | ২,০৫৬.৪৮ | ১,০৫৭.০৩ | ৩,০৪৫.১১ | ২,৭২৩.৬১ | ৬,৮৩০.৩২ |
| ২ | উক্ত মেয়াদের নিট লাভ/ (ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়াদির পূর্ববর্তী) | (৩৮০.১১) | ১,০৩৫.৭১ | (৫০৯.৩৩) | ৬৫৫.৫৯ | ২৭০.৬৮ | (২৭৬.২৩) |
| ৩ | কর পূর্ববর্তী উক্ত মেয়াদের নিট লাভ/ (ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়াদির পরবর্তী) | (৩৭৮.৮৭) | ১,০৩৪.৪৭ | (৫০৯.৩৩) | ৬৫৫.৫৯ | ২৭০.৬৮ | (২৮২.১৮) |
| ৪ | কর পরবর্তী উক্ত মেয়াদের নিট লাভ/ (ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়াদির পরবর্তী) | (৩১৭.৭১) | ৯৮৯.৯১ | (৫১১.৭৪) | ৬৭২.১৯ | ২৭৩.১৭ | (৬৬৭.০৫) |
| ৫ | উক্ত মেয়াদের মোট সমন্বিত আয় [মেয়াদের লাভ/ (ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য সমন্বিত আয় (কর পরবর্তী) সমন্বয়ে গঠিত] | (৫৩৮.০৪) | ১,১২৬.৫১ | (৬৩৮.৯৯) | ৫৮৮.৪৫ | ৬৫৩.৩৮ | ২৩,৭৮৬.০৭ |
| ৬ | পরিশোধিত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটি ১০/- টাকা দরে) | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ |
| ৭ | সংরক্ষণ (পূর্ববর্তী বছরের ব্যালেন্স শিটে প্রদর্শিত পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) | | | | | | ৪৪,৬৪২.৮৩ |
| ৮ | প্রতি শেয়ারে আয় (প্রতিটি ১০/- টাকা দরে) | | | | | | |
| | মৌলিক | (১০.২৬) | ৩১.৯৮ | (১৬.৫৩) | ২১.৭১ | ৮.৮২ | (২১.৫৫) |
| | মিশ্রিত | (১০.২৬) | ৩১.৯৮ | (১৬.৫৩) | ২১.৭১ | ৮.৮২ | (২১.৫৫) |

দ্রষ্টব্য:
১. বিবরণীটি অডিট কমিটি কর্তৃক তার ০২ নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় পর্যালোচিত হয়েছে এবং পরিচালনা পর্ষদ কর্তৃক তার ০২ নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় অনুমোদিত হয়েছে এবং কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ কর্তৃক এর সীমিত পর্যালোচনা সম্পন্ন হয়েছে।
২. এই স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলসমূহ সংশোধিত কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস, ২০১৫ এর সাথে পঠিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ১৩৩-এর অধীনে নির্ধারিত ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস-এর স্বীকৃতি এবং পরিমাপের নীতিসমূহ অনুসারে প্রস্তুত করা হয়েছে।
৩. কোম্পানি তার ব্যবসাকে চা, বিদ্যুৎ এবং বিনিয়োগ -এই তিনটি সেগমেন্টে বিভক্ত করেছে, যা "সেগমেন্ট রিপোর্টিং" নীতিমালার উপর ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (ইন্ড এএস-১০৮-অপারেটিং সেগমেন্ট)-এর সাথে সঙ্গতিপূর্ণ।
৪. ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত বছরের জন্য মোট ১৯৪.৪৩ লক্ষ টাকার তামিলনাড়ুর অরালভাইমোঝিতে অবস্থিত উইন্ডমিল জমি এবং কোলহাপুরের সম্পত্তি বিক্রয়ের লাভ অন্যান্য আয়ের অন্তর্ভুক্ত রয়েছে।
৫. কোম্পানির কাছে প্লাসিড লিমিটেড -এর ৯৩,৫৯০টি ইকুইটি শেয়ার ছিল, যা তাদের পরিশোধিত শেয়ার মূলধনের ১৭.৪৩%। বিজ্ঞ এনসিএলটি, কলকাতা কর্তৃক তাদের ১৬ মার্চ, ২০২৬ তারিখের আদেশ মোতাবেক যথাযথভাবে অনুমোদিত বন্দোবস্ত প্রকল্পের অধীনে অন্যতম হস্তান্তরকারী কোম্পানি হিসেবে প্লাসিড লিমিটেড ১ এপ্রিল, ২০২৪ ধার্য তারিখে মহারাজা শ্রী উমেদ মিলস লিমিটেড (এমএসইউএমএল)-এর সাথে একীভূত হয়েছে। প্রকল্পের অধীনে অনুমোদিত শেয়ার বিনিময় অনুপাত অনুযায়ী, কোম্পানি প্লাসিড লিমিটেডে তার শেয়ারহোল্ডিংয়ের পরিবর্তে এমএসইউএমএল-এর ইকুইটি শেয়ার পাওয়ার অধিকারী। এমএসইউএমএল-এর শেয়ারগুলি ২৪ জুলাই, ২০২৬ তারিখে বরাদ্দ করা হয়েছে এবং এই প্রতিবেদনের তারিখ পর্যন্ত কোম্পানির ডিম্যাট অ্যাকাউন্টে উক্ত শেয়ার জমা হওয়া প্রক্রিয়াধীন রয়েছে। ফলস্বরূপ এই শেয়ারগুলির প্রাপ্যতা বর্তমান তারিখ পর্যন্ত আর্থিক বিবরণীতে "Investments"-এর অধীনে স্বীকৃত হয়েছে। ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (ইন্ড এএস)-এর আবশ্যকতা পরিপালনার্থে, কোম্পানি আইবিবিআই -নিবন্ধিত মূল্যায়নকারীর কাছ থেকে ৩১ মার্চ, ২০২৬ তারিখ অনুযায়ী এমএসইউএমএল-এর একটি ন্যায্য মূল্যায়ন প্রতিবেদন গ্রহণ করেছে। এই মূল্যায়ন প্রতিবেদন এবং অনুমোদিত শেয়ার বিনিময় অনুপাতের ভিত্তিতে, ৩১ মার্চ, ২০২৬ তারিখ অনুযায়ী আর্থিক বিবরণীতে তদনুসারে এমএসইউএমএল-এ বিনিয়োগ স্বীকৃত হয়েছে।
৬. ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত বছরে বিক্রিত বিনিয়োগের ন্যায্য মূল্যের সমন্বয় বিপরীতকরণের সাথে সম্পর্কিত ২,১৫৫.৬৯ লক্ষ টাকা অন্যান্য ব্যয়ের অন্তর্ভুক্ত রয়েছে। তবে, উক্ত ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত বছরের জন্য সংশ্লিষ্ট অর্জিত আয় ২,৩৭৮.০৪ লক্ষ টাকা "অপারেশনস থেকে রাজস্ব" -এর অধীনে প্রদর্শিত হয়েছে।
৭. ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ অনুযায়ী কোম্পানির কোনো সাবসিডিয়ারি/সহযোগী/যৌথ উদ্যোগ নেই।
৮. বর্তমান মেয়াদের শ্রেণিবিন্যাসের সাথে সঙ্গতি বিধানের জন্য প্রয়োজনীয় পরিমাণে পূর্ববর্তী মেয়াদের পরিসংখ্যানসমূহকে পুনর্গঠিত / পুনর্বিন্যাস করা হয়েছে।
৯. ওপরের তথ্যটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিলকৃত ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের বিস্তারিত কাঠামোর একটি সারাংশ। ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের সম্পূর্ণ কাঠামো স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ www.nseindia.com-এ উপলব্ধ। এটি কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ www.periatea.com-এও পাওয়া যাবে। নিচের কিউআর কোড স্ক্যান করেও এটি দেখা যাবে।

দ্য পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোং লিঃ-এর পক্ষে
স্বাঃ/-
(এল.এন. বাঙুর)
চেয়ারম্যান
ডিআইএন : 00012617
স্থান: কলকাতা
তারিখ: ০২.১১.২০২৬

**কিরণ ব্যাপার লিমিটেড**
নিবন্ধিত কার্যালয়: ৭, মুন্সী প্রেমচাঁদ সরণী, হেস্টিংস, কলকাতা-৭০০০২২
ফোন: (০৩৩) ২২২৩-৭১২৮/২৯, ইমেল: kvl@lnbgroup.com, ওয়েবসাইট: www.lnbgroup.com, সিআইএন নং L51909WB1995PLC071730

**৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(ইপিএস ব্যতীত লক্ষ টাকায়)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | | | | কনসোলিডেটেড | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ জুন, ২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১ মার্চ, ২০২৬ (নিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ জুন, ২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০ সেপ্টেম্বর, ২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১ মার্চ, ২০২৬ (নিরীক্ষিত) |
| ১ | ক্রিয়াকলাপ থেকে মোট আয় | ১,৮৮৯.১৯ | ২,৫৫৫.০২ | ১,৭২৩.৫৫ | ৪,৪৪৪.২১ | ৩,৫২৩.২৪ | ৬,৩০২.৫৩ | ২,৭৬৯.২৯ | ৩,৩০৬.৭৬ | ৩,৩৪১.০৩ | ৬,০৭৬.০৫ | ৬,০৬৭.১৩ | ১০,৬৯০.৮২ |
| ২ | সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়গুলির পূর্বে) | ২৪৭.১৯ | ১,০২১.৪৫ | ৪৪৭.০৩ | ১,২৬৮.৬৪ | ১,২৪৭.৬৩ | ১,২৫৬.৪১ | (৪৫৪.৮৭) | ২,২৭৮.৭৪ | ৩২৯.০৮ | ১,৮২৩.৮৭ | ২,৩১৭.৯৯ | ১,০৫৩.৬০ |
| ৩ | করের পূর্বে সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়গুলির পরে) | ২৪৭.১৯ | ১,০২১.৪৫ | ৪৪৭.০৩ | ১,২৬৮.৬৪ | ১,২৪৭.৬৩ | ১,২৫৬.৪১ | (৪৫৪.৮৭) | ২,২৭৮.৭৪ | ৩২৯.০৮ | ১,৮২৩.৮৭ | ২,৩১৭.৯৯ | ১,০৫৩.৬০ |
| ৪ | করের পরে সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়গুলির পরে) | ২৬৩.৫৬ | ৮১৪.৫৪ | ১৩০.২৭ | ১,০৭৮.১০ | ৯৯৩.০৬ | ১,১২৩.২০ | (৪৫৫.৫৫) | ১,৯৪৪.৮৭ | (৩২৭.৭৪) | ১,৪৮৯.৩২ | ১,৫৮৯.৯০ | ৫৪.৬৮ |
| ৫ | সময়ের জন্য মোট ব্যাপক আয় [সময়ের জন্য লাভ/(ক্ষতি) (করের পরে) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পরে) সমন্বিত] | (১,২৩৪.২১) | ৮,১৪৯.৯০ | (১,৪৯৭.৩৪) | ৬,৯১৫.৬৯ | ৭,০৮২.৩৭ | ৬,১৯৭.৬৮ | (১,৩৬২.০১) | ১৩,২৪৭.২২ | (২,৫২০.৫৫) | ১১,৮৮৫.২১ | ১০,৪৪১.১২ | ৮,৪৭১.৯৭ |
| ৬ | ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটি ১০/- টাকা মূল্যের) | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ |
| ৭ | সংরক্ষণ (পূর্ববর্তী বছরের ব্যালেন্স শিটে প্রদর্শিত পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) | - | - | - | - | - | ১,২০,৪৫২.৭৩ | - | - | - | - | - | ১,২০,২৩৩.৫২ |
| ৮ | প্রতি শেয়ার আয় (প্রতিটি ১০/- টাকা মূল্যের) (চলমান এবং বন্ধ হওয়া কার্যক্রমের জন্য) | | | | | | | | | | | | |
| | মৌলিক | ০.৯৭ | ২.৯৯ | ০.৪৮ | ৩.৯৫ | ৩.৬৪ | ৪.১২ | (১.৬৯) | ৭.২১ | (১.২১) | ৫.৫২ | ৫.৮৯ | ০.২০ |
| | মিশ্রিত | ০.৯৭ | ২.৯৯ | ০.৪৮ | ৩.৯৫ | ৩.৬৪ | ৪.১২ | (১.৬৯) | ৭.২১ | (১.২১) | ৫.৫২ | ৫.৮৯ | ০.২০ |

দ্রষ্টব্য:
১. উপরোক্ত ফলাফলগুলি অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং কিরণ ব্যাপার লিমিটেড ('কোম্পানি')-এর পরিচালনা পর্ষদ কর্তৃক ২ নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় অনুমোদিত হয়েছে। কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ উপরোক্ত ফলাফলের একটি সীমিত পর্যালোচনা (লিমিটেড রিভিউ) পরিচালনা করেছেন।
২. এই বিবরণীটি কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ১৩৩-এর অধীনে নির্ধারিত কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস, ২০১৫ (ইন্ড এএস), যা কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস, ২০১৫ (সংশোধিত) দ্বারা সংশোধিত হয়েছে, এবং অন্যান্য স্বীকৃত অ্যাকাউন্টিং অনুশীলন ও নীতিমালার প্রযোজ্য সীমা অনুযায়ী প্রস্তুত করা হয়েছে।
৩. উপরোক্ত বিন্যাসটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিলকৃত ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিকের বিস্তারিত আর্থিক ফলাফলের বিবরণের একটি সারাংশ। ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিকের আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ **www.bseindia.com** এবং কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ **www.lnbgroup.com** -এ উপলব্ধ রয়েছে।

স্থান: কলকাতা
তারিখ: ০২ নভেম্বর, ২০২৬
পরিচালনা পর্ষদের পক্ষে এবং তাদের তরফে
কিরণ ব্যাপার লিমিটেড-এর জন্য
এল. এন. বাঙুর
(ম্যানেজিং ডিরেক্টর)
ডিআইএন: 00012617

**বিকেএম ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
২এ, গণেশ চন্দ্র অ্যাভিনিউ, ২য় ফ্লোর, রুম নং ১১, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০১৩
(CIN: L27100WB2011PLC161235)
ফোন নং: (০৩৩)-২২১৩২৩৭২/৭৩, ফ্যাক্স: (৩৩)-২২১৩২৯০৩, ইমেল: cs.bkm@rediffmail.com, ওয়েবসাইট: www.bkmindustries.in
**৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন/কনসোলিডেটেড আর্থিক ফলাফলের সারাংশ**
(₹ লক্ষ -তে)

| বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | কনসোলিডেটেড | | |
|---|---|---|---|---|---|---|
| | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৬ অনিরীক্ষিত | চলতি অর্থবর্ষের অদ্যাবধি ৩০.০৯.২০২৬ অনিরীক্ষিত | পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট ৩ মাস সমাপ্ত ৩০.০৯.২০২৫ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৬ অনিরীক্ষিত | চলতি অর্থবর্ষের অদ্যাবধি ৩০.০৯.২০২৬ অনিরীক্ষিত | পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট ৩ মাস সমাপ্ত ৩০.০৯.২০২৫ অনিরীক্ষিত |
| কার্যক্রম থেকে মোট আয় | ২৮৩.৯২ | ৩৫৩.১৪ | ০.৩০ | ২৮৩.৯২ | ৩৫৩.১৪ | ০.৩০ |
| উক্ত মেয়াদের নিট লাভ / (ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়াদির পূর্ববর্তী #) | -২১৪.৭১ | -৬১৭.৪৪ | -৭৭.৫৩ | -২১৪.৭১ | -৬১৭.৪৪ | -৭৭.৫৩ |
| কর পূর্ববর্তী উক্ত মেয়াদের নিট লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়াদির পরবর্তী #) | -২১৪.৭১ | -৬১৭.৪৪ | -৭৭.৫৩ | -২১৪.৭১ | -৬১৭.৪৪ | -৭৭.৫৩ |
| কর পরবর্তী উক্ত মেয়াদের নিট লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়াদির পরবর্তী #) | -১৭৯.০১ | -৫৪৪.৯৩ | -৭৭.৫৩ | -১৭৯.০১ | -৫৪৪.৯৩ | -৭৭.৫৩ |
| উক্ত মেয়াদের মোট সমন্বিত ব্যাপক আয় [মেয়াদের নিট লাভ / (ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য সমন্বিত আয় (কর পরবর্তী) সমন্বয়ে] | -১৭৯.০১ | -৫৪৪.৯৩ | -৭৭.৫৩ | -১৭৯.০১ | ৫৪৪.৯৩ | -৭৭.৫৩ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ২১২.৩৫ | ২১২.৩৫ | ১২.৩৫ | ২১২.৩৫ | ২১২.৩৫ | ১২.৩৫ |
| রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে প্রদর্শিত অনুযায়ী | - | - | - | - | - | - |
| শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকা মূল্যের) (ধারাবাহিক ও অ-ধারাবাহিক কার্যক্রমের জন্য) **- | | | | | | |
| মৌলিক | -০.৮৪ | -২.৫৭ | -৬.২৮ | -০.৮৪ | -২.৫৭ | -৬.২৮ |
| মিশ্রিত | -০.৮৪ | -২.৫৭ | -৬.২৮ | -০.৮৪ | -২.৫৭ | -৬.২৮ |

দ্রষ্টব্য:
উপরিউক্ত তথ্যটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জে দাখিলকৃত ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণের একটি সারসংক্ষেপ। ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিবরণ বিএসই (www.bseindia.com), এনএসই (www.nseindia.com), সিএসই (www.cse-india.com) এবং কোম্পানির নিজস্ব ওয়েবসাইটে (www.bkmindustries.in) পাওয়া যাবে।
কোম্পানি বার্ষিক ভিত্তিতে সমন্বিত আর্থিক বিবরণী প্রস্তুত করেছে এবং কোম্পানির কনসোলিডেটেড আর্থিক পরিসংখ্যানে সাবসিডিয়ারি/সহযোগী/যৌথ উদ্যোগ অর্থাৎ ইউরোএশিয়ান ভেঞ্চারস এফজেডই অন্তর্ভুক্ত রয়েছে।
সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড) ওপর অপরিবর্তিত/সংশোধনহীন প্রতিবেদন প্রদান করেছেন।
কোম্পানির কোনো ব্যতিক্রমী ও অসাধারণ বিষয়াদি নেই।

স্থান: কলকাতা
তারিখ: ৩১.১০.২০২৬
পরিচালনা পর্ষদের পক্ষে ও তাঁদের আদেশানুসারে
অমিত সিং
পূর্ণকালীন পরিচালক
(DIN-11003471)